

বাক্য সংক্ষেপণ

বাক্যকে সংক্ষিপ্ত করে প্রকাশের নামই বাক্য সংক্ষেপণ। ভাষাকে সহজ, সুন্দর ও প্রকাশকে সাবলীল করার জন্য বাংলা ভাষায় বাক্য সংক্ষেপণ অত্যন্ত প্রচলিত একটি নিয়ম। সাধারণভাবে বাক্য সংক্ষেপণ সমাস, উপসর্গ ও প্রত্যয়ের সাহায্যে হয়ে থাকে। এরকম কিছু উদাহরণ নিম্নে প্রদত্ত হল।

বাক্য সংক্ষেপণের উদাহরণ

অকালে পক্ক হয় যা – অকালপক্ক

অনুসন্ধান করিবার ইচ্ছা – অনুসন্ধিৎসা

অগ্রে বর্তমান থাকে যে – অগ্রবর্তী

অক্ষির সম্মুখে – প্রত্যক্ষ

অহঙ্কার করে যে – অহঙ্কারী

অভিজ্ঞতার অভাব – অনভিজ্ঞ

অনেকের মধ্যে একজন – অন্যতম

অনুতে (পশ্চাতে) জন্মেছে যে – অনুজ

আকাশে চরে যে – খেচর

আপনাকে কেন্দ্র করেই যার চিন্তা – আত্মকেন্দ্রিক

আল্লাহর অস্তিত্বে বিশ্বাস করে যে – আস্তিক

ইতিহাস রচনা করেন যিনি – ঐতিহাসিক

ঈষৎ আমিষ গন্ধ যার – আঁষটে

উপকারীর উপকার স্বীকার করে যে – কৃতজ্ঞ

আদি হইতে অন্ত পর্যন্ত – আদ্যন্ত

একই মাতার উদরে যার যাত – সহোদর

কবিতা লেখেন যিনি - কবি

কর্ম সম্পাদনে পরিশ্রমী – কর্মঠ

যাহা উড়িতেছে – উড্ডীয়মান

যাহা নিয়ত পরিবর্তিত হইতেছে – পরিবর্তনশীল

যাহার কোথাও কোনো ভয় নাই – অকুতোভয়

যা হতে পারে না – অসম্ভব

এস এস সি শ্রোত্রাম

পা থেকে মাথা পর্যন্ত – আপাদমস্তক

যা বিশ্বাস করা যায় না – অবিশ্বাস্য

রব শুনে এসেছে যে – রবাহূত

যা মৃতের মতো – মৃতবৎ

যা সহজে লাভ করা যায় – সুলভ

যা যুক্তিসঙ্গত নয় – অযৌক্তিক

যা দেখা যায় না – অদৃশ্য

যা ক্রমশ বর্ধিত হচ্ছে – বর্ধিষ্ণু

খাইবার ইচ্ছা – ক্ষুধা

জীবন পর্যন্ত – আজীবন

পান করার ইচ্ছা – পিপাসা

মমতা নেই যার – নির্মম

যা পূর্বে কখনও দেখা যায়নি – অদৃষ্টপূর্ব

যা কষ্টে জয় করা যায় – দুর্জয়

যা জলে ও স্থলে চরে – উভচর

যা লেহন করে খেতে হয় – লেহ্য

যা বর্ণনা করা যায় না – অবর্ণনীয়

যা সারাদিন ব্যবহার করা হয় – আটপৌরে

যা পূর্বে ছিল এখন নাই – ভূতপূর্ব

যা পরিমাণ করা যায় না – অপরিমেয়

যে নারী প্রিয় বাক্য বলে – প্রিয়বদা

যিনি অধিক ব্যয় করেন না – মিতব্যয়ী

যা বলার যোগ্য নয় – অকথ্য

যা অতি দীর্ঘ নয় – নাতিদীর্ঘ


যে জামাই শ্বশুর বাড়িতে থাকে – ঘর জামাই

যে গাছ কোনো কাজে লাগে না – আগাছা

যে পুরুষ বিয়ে করেননি – অকৃতদার

যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে – অবিম্ভ্যকারী

যিনি বক্তৃতা দানে পটু – বাগ্মী
 হরিণের চামড়া – অজিন
 অশ্বের ডাক – হেঁষা
 যার শেষ নাই – অশেষ
 লজ্জা বেশি যার - লাজুক
 লাজ্জা নেই যার - নির্লজ্জ, বেহায়া
 শ্রদ্ধার যোগ্য - শ্রদ্ধেয়
 শুভক্ষণে জন্ম যার - ক্ষনজন্মা
 সবচেয়ে বড় - জেষ্ঠ্য
 সবচেয়ে ছোট - কনিষ্ঠ
 সকলের জন্য প্রযোজ্য - সার্বজনীন
 সকলের মধ্যে শ্রেষ্ঠ - সর্বশ্রেষ্ঠ
 সেবা করেন যিনি - সেবক/সেবিকা
 হিসাব করে চলে না যে - বেহিসাবি



পাঠোত্তর মূল্যায়ন

- ১। সত্য হলে স এবং মিথ্যা হলে মি লিখুন
 - ক. যা অতি দীর্ঘ নয় –সংক্ষিপ্ত হলে হয় নাতিদীর্ঘ
 - খ. যিনি বক্তৃতা দানে পটু – বাক্যটি সংক্ষেপ করা যায় না
 - গ. যা যুক্তিসঙ্গত নয় – সংক্ষিপ্ত রূপ হবে অযৌক্তিক
 - ঘ. খাইবার ইচ্ছা – সংক্ষিপ্ত রূপ রান্নাঘর
 - ঙ. উড্ডীয়মান শব্দটির বিস্তারিত রূপ ‘যাহা উড়িতেছে’।
- ২। এক কথায় প্রকাশ করুন
 - ক. অক্ষির সমীপে –
 - খ. ঈষৎ আমিষ গন্ধ যার –
 - গ. অনেকের মধ্যে একজন –
 - ঘ. যা হতে পারে না–
 - ঙ. যা কষ্টে জয় করা যায়–

উত্তরগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরের সঙ্গে না মিললে পাঠটি আবার ভাল করে পড়ুন।

উত্তর

এস এস সি শ্রোত্ৰাম

১। ক. স খ. মি গ. স ঘ. মি ঙ. স

২। ক. প্ৰত্যক্ষ খ. আঁষটে গ. অন্যতম ঘ. অসম্ভব ঙ. দুৰ্জয়